এক নজরে ঢাকা বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপ

নির্ধারিত উদ্দেশ্য, মূলনীতি ও পদ্ধতিতে ৬-২৫ বছর বয়সী শিশু, কিশোর-কিশোরী, যুবক-যুবতীদের বিভিন্ন আকর্ষণীয় ও বৈচিত্র্যময় কর্মসূচীর মাধ্যমে তাদের শারীরিক, মানসিক, সামাজিক ও আধ্যাত্মিক সুপ্ত প্রতিভার বিকাশ ঘটিয়ে সৎ, দক্ষ, দায়িত্বশীল, চরিত্রবান ও আত্মমর্যাদাশীল সুনাগরিক হিসেবে গড়ে তোলার আন্দোলনই স্কাউট আন্দোলন। এটি একটি সমাজ সেবামূলক, স্বেচ্ছাসেবী, শিক্ষামূলক, অরাজনৈতিক এবং আন্তর্জাতিক আন্দোলন। ১৯০৭ সালে লর্ড ব্যাডেন পাওয়েল এই আন্দোলনের সূচনা করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ে ১৯৬৬ সালে আনুষ্ঠানিকভাবে স্কাউটিং কার্যক্রম শুরু হয়। তৎকালীন পাকিস্তানে একমাত্র ঢাকা বিশ্ববিদ্যালয়েই রোভার স্কাউটিং শুরু হয়েছিল। এ দলের রোভার মো: রমজুল হক ১৯৬৩ সালে গ্রীসে অনুষ্ঠিত ১১তম ওয়ার্ল্ড স্কাউট জাম্বুরিতে অংশগ্রহণ করে। পরবর্তীতে ১৯৬৭ সালে করাচী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত ৪র্থ পাকিস্তান জাম্বুরিতে অংশগ্রহণকারী এই দলের ৪ জন রোভারের কর্মতৎপরতা জাম্বুরির সকল কর্মকর্তা ও স্কাউটদের প্রশংসা অর্জন করে। সত্তরের দশকে ঢাকা বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপ মানিকগঞ্জের দশচিড়া গ্রামে একটি সমাজ উন্নয়নমূলক কার্যক্রম শুরু করে । সে সময়ে বিশ্ব স্কাউট সংস্থার নেতৃবৃন্দ বাংলাদেশ স্কাউটসের কর্মকর্তাদের নিয়ে 'দশচিড়া প্রকল্প' দেখতে আসেন । বিগত কয়েক দশক যাবৎ ঢাকা বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপ ক্যাম্পাস ও ক্যাম্পাসের বাইরে বিভিন্ন আত্ম উন্নয়ন, সমাজসেবা ও সমাজ উন্নয়নমূলক কার্যক্রম চালিয়ে আসছে–যা স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে প্রশংসিত হচ্ছে।

সাংগঠনিক কাঠামো:

প্রধান পৃষ্ঠপোষক	অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়
সভাপতি	অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন, প্রো-উপাচার্য (প্রশাসন), ঢাকা বিশ্ববিদ্যালয়
সহ-সভাপতি	অধ্যাপক ড. মোঃ কামাল উদ্দীন, কোষাধ্যক্ষ, ঢাকা বিশ্ববিদ্যালয়
স্কাউট উপদেষ্টা	অধ্যাপক ড. কে এম মোহসীন
সম্পাদক ও প্রধান রোভার স্কাউট লিডার	অধ্যাপক মোঃ রমজুল হক, আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ
কোষাধ্যক্ষ ও রোভার স্কাউট লিডার	অধ্যাপক ড. এ কিউ এম মাহবুব, ভূগোল ও পরিবেশ বিভাগ
রোভার স্কাউট লিডার	অধ্যাপক মাসুদা এম. রশীদ চৌধুরী, সমাজবিজ্ঞান বিভাগ; অধ্যাপক ড. আজিজুন্নাহার ইসলাম, দর্শন বিভাগ; জনাব মাহমুদুর রহমান, সহকারী অধ্যাপক, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ
সিনিয়র রোভার মেট	মো.আল-আমিন, সংস্কৃত বিভাগ; তাওহীদ আহমাদ, আরবী বিভাগ; মোসাঃ নুশরাত জাহান শমী, লোক প্রশাসন বিভাগ; মো:নুরুল ইসলাম, সমাজবিজ্ঞান বিভাগ; ফিরোজ আলম, ইসলামিক স্টাডিজ বিভাগ

রোভার ডেন (কার্যালয়): ছাত্র-শিক্ষক কেন্দ্র (২য় তলা), ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০, বাংলাদেশ
মোবাইল: ০১৯২৬০০১৭৪৩, ০১৭১১০৮৪২৭৬, ০১৯১৫৮৫৯৫৭৫
টেলিফোন: ৯৬৬১৯০০-৭৩ এক্স: ৪৭০০
ই-মেইল: roverscoutgroup@du.ac.bd
ওয়েবসাইট: http://www.du.ac.bd/main_menu/co_curricular
ফেইসবুক: Dhaka University Rover Scout Group
www.facebook.com/groups/311903582218113

রোভার ডেন সপ্তাহে ২ দিন খোলা থাকে। মেট মিটিং প্রতি সোমবার (৪:০০-৬:০০) এবং ক্রু মিটিং প্রতি বৃহস্পতিবার (৪:০০-৬:০০) অনুষ্ঠিত হয়। ক্রু মিটিং ছাত্র-শিক্ষক কেন্দ্রের পুরাতন সুইমিং পুল চত্বরে অনুষ্ঠিত হয়। ক্রু মিটিংয়ে রোভারবৃন্দকে স্কাউটিংয়ের বিভন্ন বিষয়ে হাতেকলমে প্রশিক্ষণ প্রদান করা হয় । ঢাকা বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপে বর্তমানে ৪টি ছেলে ইউনিট ও ১টি গার্ল ইউনিট সর্বমোট ৫টি ইউনিটে তিন শতাধিক দীক্ষা ও প্রশিক্ষণপ্রাপ্ত রোভার রয়েছে। রোভারদের কাজে সহযোগিতা করার জন্য রোভার স্কাউট লিডার কাউন্সিল ও মেট কাউন্সিল রয়েছে।

নিয়মিত কার্যক্রমঃ
ঢাকা বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপ বছরব্যাপী বহুবিধ কার্যক্রম আয়োজন করার পাশাপাশি বিভিন্ন কার্যক্রমে অংশগ্রহণ ও স্বেচ্ছাসেবা প্রদানসহ নানাবিধ কার্যক্রম পরিচালনা করে। যার মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে-

নিজস্ব কার্যক্রম: বার্ষিক ইফতার মাহফিল ও স্কাউট ওন, নবনিযুক্ত সিনিয়র রোভার মেটদের অভিষেক, বার্ষিক শিক্ষা সফর, শীতবস্ত্র সংগ্রহ ও দুঃস্থদের মাঝে শীতবস্ত্র বিবরণ, ফার্স্ট রেসপন্ডার্স ট্রেনিং, পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান, বৃক্ষরোপণ ও সংরক্ষণ অভিযান, কুইজ প্রতিযোগিতা, আন্তর্জাতিক শিক্ষা সফর, বক্তৃতা প্রতিযোগিতা, কম্পিউটার প্রশিক্ষণ, দেয়ালিকা প্রকাশ, সাংস্কৃতিক প্রতিযোগিতা, নবীন বরণ ও রোভার পুনর্মিলনী, সহচর ওরিয়েন্টেশন, সহচর মূল্যায়ন পরীক্ষা, লাইফ স্কীল ডেভেলপমেন্ট কোর্স, বার্ষিক তাঁবুবাস ও দীক্ষা প্রদান, পহেলা বৈশাখ উপলক্ষে 'পান্তা-ইলিশ ভোজ', লগ বই লিখন ও মাই প্রোগ্রেস সংরক্ষণ কর্মশালা, প্রেসিডেন্ট'স রোভার স্কাউট (পি আর এস) অ্যাওয়ার্ড অর্জনের জন্য প্রকল্প তৈরি, ভেজাল বিরোধী সেমিনার, গ্রুপ কমিটির বার্ষিক সভা, সদস্যদের মূল্যায়ন পরীক্ষা, প্রকাশনা, র‍্যাম্বলিং (পায়ে হেঁটে ১৫০ কিলোমিটার পরিভ্রমণ), রোভার ডে, রোভার সপ্তাহ প্রভৃতি।

অংশগ্রহণমূলক কার্যক্রম: দক্ষতা ও পারদর্শিতা কোর্স (সাংবাদিকতা, হাঁস-মুরগী পালন, জনস্বাস্থ্য কর্মী, সম্পাদকের কাজ, উন্নত চুলা তৈরি, বক্তৃতা, মাশরুম চাষ, কৃষি কর্মী, মৌমাছি চাষ, মা ও শিশুর যত্ন, বৈদ্যুতিক মিস্ত্রী, উদ্ধার কাজ, বিশ্ব সংরক্ষণ প্রভৃতি); কাব স্কাউট/ স্কাউট ইউনিট লিডার বেসিক কোর্স; কাব স্কাউট/ স্কাউট ইউনিট লিডার অ্যাডভান্সড কোর্স; সিনিয়র রোভার মেট কোর্স; রোভার মেট কোর্স; জাম্বুরি অন দ্যা এয়ার; জাম্বুরি অন দ্যা ইন্টারনেটে; জাম্বুরি অন দ্যা এস এম এস; এশিয়ান জাম্বুরি; বিশ্ব স্কাউট জাম্বুরি; ইন্টারন্যাশনাল স্কাউট গ্যাদারিং; এশিয়া প্যাসিফিক রিজিওনাল স্কাউট কনফারেন্স; এশিয়া প্যাসিফিক রিজিওনাল ইয়ুথ ফোরাম; সার্ক ফ্রেন্ডশীপ ক্যাম্প; ইন্টারন্যাশনাল এ্যাডভেঞ্চার ক্যাম্প; ওয়ার্ল্ড রোভার মুট; ওয়ার্ল্ড স্কাউট কনফারেন্স; জাতীয় আই সি টি স্কাউট ক্যাম্প; কৃষি ক্যাম্প; বিদ্যুৎ ক্যাম্প; রোভার এ্যাডভেঞ্চার ক্যাম্প; প্রোগ্রাম ও সমাজ উন্নয়ন (সি ডি) অ্যাওয়ার্ড কর্মশালা; 'অগ্রদূত' সংবাদদাতা কর্মশালা; ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদ/ ইনস্টিটিউটের পরিচিতি সভা; ঢাকা জেলা রোভার মুট; আঞ্চলিক রোভার মুট; জাতীয় রোভার মুট; জাতীয় কমডেকা; বাংলাদেশ টেলিভিশন আয়োজিত 'অগ্রদূত' অনুষ্ঠান; অনুষ্ঠান উপস্থাপনা কৌশল কোর্স; সংবাদ পাঠক ও উপস্থাপক কোর্স প্রভৃতি। এছাড়াও বিভিন্ন আন্তর্জাতিক স্কাউট সমাবেশে ঢাকা বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের রোভারবৃন্দ অংশগ্রহণ করে থাকে।

স্বেচ্ছাসেবামূলক কার্যক্রম: জাতীয় আয়কর মেলা, ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা, হজ্ব ক্যাম্প, দুর্গত মানুষকে ত্রাণ প্রদান, ক্যাম্পুরি, জাম্বুরি, বিজয় দিবস, জাতীয় টীকাদান দিবস, ভিটামিন এ প্লাস ক্যাম্পেইনসহ নানাবিধ দিবস, মেলা ও কর্মসূচীতে স্বেচ্ছাসেবা প্রদান । ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন আয়োজনেও রোভারবৃন্দ নিরলসভাবে স্বেচ্ছাসেবা প্রদান করে থাকে। এর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে- মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস; ১ম বর্ষ (সম্মান) ভর্তি পরীক্ষা; মঙ্গল শোভাযাত্রা; সমাবর্তন; ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস; বিভিন্ন হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা; বিভিন্ন অ্যালামনাই এসোসিয়েশনের অনুষ্ঠান; ঢাকা বিশ্ববিদ্যালয় আয়োজিত বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক সভা, সেমিনার, সিম্পোজিয়াম ও সম্মেলনে স্বেচ্ছাসেবা প্রদান প্রভৃতি। ঢাকা বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপ বাংলাদেশ স্কাউটস প্রণীত 'রোভার স্কাউট প্রোগ্রাম' অনুযায়ী রোভারবৃন্দের উৎকর্ষতা বৃদ্ধির জন্য নানাবিধ কার্যক্রম বাস্তবায়ন করে থাকে।

উপর্যুক্ত কার্যক্রম ছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের রোভারবৃন্দ বাংলাদেশ স্কাউটস, রোভার অঞ্চল এবং ঢাকা জেলা রোভার কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রমে অংশগ্রহণ করে থাকে।

সুযোগ-সুবিধাঃ
প্রেসিডেন্ট'স রোভার স্কাউট (পি আর এস) অ্যাওয়ার্ড; দেশে-বিদেশে ভ্রমণ; বিশ্ব বন্ধুত্ব সৃষ্টি; ব্যক্তিগত দক্ষতা অর্জন; নেতৃত্বের গুণাবলী চর্চা; বহুমুখী প্রশিক্ষণ; স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক স্কাউট সমাবেশে অংশগ্রহণ; রাষ্ট্রীয় অনুষ্ঠানে স্বেচ্ছাসেবা প্রদান; বিদেশী রোভারবৃন্দের গাইড; সকল রোভারবৃন্দের বেতন মওকুফ; মাসিক রোভার স্কাউট বৃত্তি; মোহাম্মদ শাহ্জাহান অ্যান্ড সায়েরা শাহ্জাহান ট্রাস্ট ফান্ড বৃত্তি প্রভৃতি।
উল্লেখ্য যে, ইতিমধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের ২১ জন কৃতী রোভার প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড অর্জন করেছেন।

সদস্য সংগ্রহঃ
অফিস চলাকালীন সময়ে নির্ধারিত আবেদনপত্র পূরণ করে 'সহচর' হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ে যে কোন বর্ষে অধ্যয়নরত শিক্ষার্থীবৃন্দ ঢাকা বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের কার্যক্রমে অংশগ্রহণ করতে পারেন। 'সহচর' হিসেবে ভর্তির ৩-৬ মাসের মধ্যে আনুষ্ঠানিকভাবে দীক্ষা প্রদানের মাধ্যমে সহচরদের ঢাকা বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের সদস্য করে নেয়া হয়।